# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৫

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ আমরা যার বিবরণ দিলাম, যে ব্যক্তি তা মৃত্যুর সময় বলবে, তার আমলনামায় মহান আল্লাহ নূর দিবেন

ذِكْرُ إِعْطَاءِ اللَّهِ جَلَّ وَعَلَا نُورَ الصَّحِيفَةِ مَنْ قَالَ عِنْدَ الْمَوْتِ مَا وَصَفْنَاهُ

---

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ حَدَّثَنَا هَارُونُ بْنُ إِسْحَاقَ الْهَمْدَانِيُّ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْوَهَّابِ عَنْ مِسْعَرِ بْنِ كِدَامٍ عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ عَنِ الشَّعْبِيِّ عَنْ يَحْيَى بْنِ طَلْحَةَ عَنْ أُمِّهِ سُعْدَى الْمُرِّيَّةِ قَالَتْ مَرَّ عُمَرُ بْنُ الْخَطَّابِ بِطَلْحَةَ بَعْدَ وَفَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: مَا لَكَ مُكْتَئِبًا أَسَاءَتْكَ إِمْرَةُ ابْنِ عَمِّكَ؟ قَالَ: لَا وَلَكِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يقول: "إِنِّي لَأَعْلَمُ كَلِمَةً لَا يَقُولُهَا عَبْدٌ عِنْدَ مَوْتِهِ إِلَّا كَانَتْ لَهُ نُورًا لِصَحِيفَتِهِ وَإِنَّ جَسَدَهُ وَرُوحَهُ لَيَجِدَانِ لَهَا رَوْحًا عِنْدَ الْمَوْتِ" فَقُبِضَ وَلَمْ أَسْأَلْهُ فَقَالَ: مَا أَعْلَمُهُ إِلَّا الَّتِي أَرَادَ عَلَيْهَا عَمَّهُ وَلَوْ عَلِمَ أَنَّ شيئا أنجى له منها لأمره".

الراوي : سُعْدَى الْمُرِّيَّة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 205 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২০৫. তালহা বিন উবাইদুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুর স্ত্রী সু’দা আল মুর্রিয়্যাহ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন: ’রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মৃত্যুর পর উমার রাদ্বিয়াল্লাহু আনহু, তালহা বিন উবাইদুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুর পাশ দিয়ে যাচ্ছিলেন। এসময় তিনি তাঁকে বললেন: ’কী ব্যাপার, আপনাকে বিষন্ন লাগছে, আপনার চাচাতো ভাইয়ের (আবু বকর রাদ্বিয়াল্লাহু আনহুর) খলীফা হওয়ার বিষয়টি কি আপনার খারাপ লাগছে?’ তিনি বললেন: ’না, তা নয়। কিন্তু আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছিলাম, তিনি বলেছিলেন: ’আমি এমন একটি বাক্য জানি, যদি কোন বান্দা তা মৃত্যুর সময় বলে, তাহলে তা সেই ব্যক্তির আমলনামায় নূর হবে এবং মৃত্যুর সময় তার শরীর ও রুহ শান্তি পাবে।’ অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া

সাল্লাম মারা গিয়েছেন, কিন্তু তাঁকে সেই বাক্য সম্পর্কে জিজ্ঞেস করতে পারিনি।” তখন উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: “আমি জানি সেটি কোন বাক্য। সেটা হলো ঐ বাক্য যা তিনি তাঁর চাচাকে (আবু তালিবকে) বলতে বলেছিলেন। যদি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জানতেন যে, এই বাক্য ছাড়া অন্য কোন বাক্য তাঁর চাচার নাজাতের ক্ষেত্রে অধিক ক্রিয়াশীল হবে, তবে তিনি তাকে সেই বাক্যই বলতে আদেশ করতেন।”[1]

## ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৩৭৯৬; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাতি: ১১০১; মুসনাদ আহমাদ: ১/১৬১; হাকিম: ১/৩৫০; মাজমা'উ আয যাওয়া'ইদ: ২/৩২৪-৩২৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ৪৮-৪৯ পৃষ্ঠা।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সু'দা আল মুর্রিয়্যাহ (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88416

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন